

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ২২ জানুয়ারি, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২২/০১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: আব্দুস সোবহান এর নেতৃত্বে চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার ৬টি বেকারি ও কারখানাতে অভিযান পরিচালনা করা হয়।

অভিযানের শুরুতে পাহাড়তলী এলাকায় 'তৃষ্টি বেকারি' নামক কারখানাটিতে মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এমন প্রক্রিয়ায় বিভিন্ন রকম বিস্কুট, চানাচুর, রুটিসহ বিভিন্ন প্রকার খাদ্যদ্রব্য মজুদ ও উৎপাদন করতে দেখা যায়।

অতঃপর ঐ একই এলাকায় 'মেসার্স বাঘা বাড়ী ঘি' নামক একটি প্রতিষ্ঠানে অভিযান পরিচালনাকালে তাদের ঘি এর মোড়কে বিভ্রান্তিকর লেবেলিং সংযোজন করতে দেখা যায়।

এরপর অলংকার মোড় এলাকায় 'আম্মান ফাস্ট ফুড' নামক একটি বেকারিতে অভিযান পরিচালনাকালে মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এমন প্রক্রিয়ায় বিভিন্ন রকম বিস্কুট, নানা রকম মিষ্টি, রুটিসহ বিভিন্ন প্রকার খাদ্যদ্রব্য মজুদ ও উৎপাদন করতে দেখা যায়।

এরপর ঐ একই এলাকায় 'লাস্সারি ফুড' নামক বেকারিতে অভিযান পরিচালনাকালে যথাযথভাবে লেবেল সংযোজন ব্যতিরেকে খাদ্যদ্রব্য মজুদ ও উৎপাদন করতে দেখা যায়।

এরপর গোসাইলডাঙা এলাকায় 'মা বেকারি' নামক কারখানায় অভিযান পরিচালনাকালে তাদের উৎপাদনস্থলে মজুদকৃত ও ব্যবহৃত বেশকিছু খাদ্যোপকরণ এর যথাযথ ক্রয় চালান-রশিদ প্রদর্শনে ব্যর্থ হয়।

সবশেষে পশ্চিম আগ্রাবাদ এলাকায় 'বিউটিফুল সুইচস বেকারি' নামক প্রতিষ্ঠানে অভিযান পরিচালনাকালে বাধ্যতামূলক নিবন্ধনের ব্যত্যয় ঘটিয়ে অনিবন্ধিত অবস্থায় পরিচালনা করতে দেখা যায়।

এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী উক্ত ৬টি প্রতিষ্ঠানকে মোট ১২,০০,০০০/- (বারো লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে প্রতিষ্ঠান গুলোর কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মো: বশির আহমেদ, নিরাপদ খাদ্য অফিসার, চট্টগ্রাম মেট্রোপলিটন, চট্টগ্রাম; জনাব মো: ইয়াছিনুল হক চৌধুরী, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং র্যাব-৭, চট্টগ্রাম সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।

(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।